গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং প্রাশিঅ/৬/নিয়োগ/প্রাক-প্রাথমিক/সশিনি/২০১৩/২০৪ তারিখঃ ১৭ আষাঢ় ১৪২০ / ০১ জুলাই ২০১৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩)** এর আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট **"সহকারী শিক্ষক"** পদে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বেতনস্কেলে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে (পার্বত্য তিন জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ব্যতীত) নিম্নে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতনক্রম | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| সহকারী শিক্ষক | **ক) প্রশিক্ষণপ্রাপ্ত**<br>বেতনস্কেল: টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০/- (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী)<br>**খ) প্রশিক্ষণবিহীন**<br>বেতনস্কেল: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/- (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী) | ৩০ জুন ২০১৩ তারিখে ১৮ থেকে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর) | **পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট-ইন-এডুকেশন বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষাসমূহের যে কোন একটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে্াতক বা সমমানের ডিগ্রী।<br><br>**মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে (মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় তৃতীয় বিভাগ বা জিপিএ ২.০০ এর কম থাকলে)।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে্াতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

(২) এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে http://dpe.teletalk.com.bd এবং www.dpe.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইন আবেদনপত্র পূরণ ও ফি পরিশোধ করে রেজিস্ট্রেশন করতে হবে। অতঃপর আবেদনকারীকে একটি User ID এবং Password দেয়া হবে যা সব সময়ের জন্য সংরক্ষণ করতে হবে।

(৩) অনলাইনে আবেদন ফি গ্রহণ শুরু তারিখ- ০৭/০৭/২০১৩ (সকাল- ১০:৩০মিনিট), শেষ তারিখ ২৮/০৭/২০১৩ (রাত-১১:৫৯ মিনিট)।

(৪) কেবলমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগন উক্ত সময় পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS-এ ফি প্রদান করতে পারবেন।

(৫) অনলাইনে আবেদন দাখিলের এর পর SMS-এ অবশ্যই ফি প্রদান করতে হবে। ফি প্রদানের পরই কেবল আবেদনটি চূড়ান্তভাবে গৃহিত হয়েছে বলে গণ্য হবে।

(৬) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS-এর মাধ্যমে জানানো হবে এবং তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

(৭) দরখাস্তকারী যে উপজেলা/থানার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থিতা উক্ত উপজেলা/থানার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

(৮) প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (উপজেলা/থানাওয়ারী) **তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩)** এর আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট পদসমূহে 'সহকারী শিক্ষক' নিয়োগের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে নিয়োগ দানের ব্যবস্থা নেয়া হবে।

(৯) বিবাহিতা মহিলা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানায় দরখাস্ত করতে পারবেন। তবে এ দু'টি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন তাঁর প্রার্থিতা সেই উপজেলা/থানার কোটায় বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং পুত্র কন্যার পুত্র কন্যা মুক্তিযোদ্ধার সন্তান কোটায় বিবেচিত হবেন;

(১০) প্রার্থীকে পরীক্ষার ফিস বাবদ অফেরতযোগ্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা যেকোন টেলিটক মোবাইল নম্বর হতে SMS-এর মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।

(১১) ৩০ জুন ২০১৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(১২) অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৩) প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি **১ম** শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমা দিতে হবে**:**

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কতর্ক্ প্রদত্ত নাগরিক সনদপত্র;

**(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;**

(ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(ঙ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ছ) পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক সদ্য (০২/০৭/**২০১৩** তারিখের পূর্বে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র;

(জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য

এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঝ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

(১৪) উপরোক্ত তথ্যাদি মোতাবেক প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের সংশ্লিষ্ট জেলায় নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না।

(১৫) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন 'সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ বিধিমালা **১৯৯১**'-এ বর্ণিত নিয়মানুযায়ী মেধা ও কোটা অনুসারে নিয়োগ দেয়া হবে। সে অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে যে উপজেলা/থানায় নিয়োগ দেয়া হবে তাঁকে আবশ্যিকভাবে সে উপজেলা/থানায় চাকুরি করতে হবে।

(১৬) 'পোষ্য' অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক/প্রধান শিক্ষক পদে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকলে বা চাকুরিতে থাকলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকতেন এবং উক্ত শিক্ষকের তালাকপ্রাপ্তা বা বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী (যেক্ষেত্রে যেটি প্রযোজ্য) যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন ক্ষেত্রমত তিনি জীবিত থাকলে অনুরূপভাবে নির্ভরশীল থাকতেন। মৌখিক পরীক্ষার সময় পোষ্য প্রার্থীদেরকে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ অর্থাৎ ০২/০৭/**২০১৩** তারিখ পর্যন্ত তিনি পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। উল্লিখিত সনদ দাখিল করতে কোন প্রার্থী ব্যর্থ হলে তিনি পোষ্য কোটার পরিবর্তে সাধারণ কোটায় গণ্য হবেন।

(১৭) নির্বাচিত প্রার্থীকে প্রাক-প্রাথমিক শিক্ষাদান সংক্রান্ত বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। শুধুমাত্র উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে রাজস্বখাতে সৃজিতব্য সহকারী শিক্ষক পদে নিয়মিত বেতন স্কেলে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে।

(১৮) তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩) এর আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট সহকারী শিক্ষক পদে নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

(১৯) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

(শ্যামল কান্তি ঘোষ)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা